

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
এফ এম বিভাগ-২

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪২৪.৩৭.০৭৬.২৩ নথির বিষয়: Repair-maintenance of 2000 KVA electric Sub-Station at WASA Bhaban under FMD-2, DWASA

নোট: ১ নোটের বিষয়: Repair-maintenance of 2000 KVA electric Sub-Station at WASA Bhaban under FMD-2, DWASA

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১৯/৭/২৩ ৫:৩৭ অপরাহ্ন

মডুস সার্কেল-২ এর আওতাধীন ৬৫৬টির অধিক গভীর নলকূপের বৈদ্যুতিক ও যান্ত্রিক রক্ষণাবেক্ষণ কাজ এফএম বিভাগ-২ এর মাধ্যমে করা হয়ে থাকে। ওয়াসা ভবনের বৈদ্যুতিক স্থাপনা মেরামত-রক্ষণাবেক্ষণ কাজও এফএম বিভাগ-২ এর অধীনে করা হয়। অত্র বিভাগের মাধ্যমে ওয়াসা ভবনের পুরাতন ২৫০০=১০০০ কেভিএ ইলেকট্রিক সাব-স্টেশন আপগ্রেড করে ২৫১০০০=২০০০ কেভিএ-তে উন্নীত করা হয়েছে। পূর্বের পুরাতন সাব-স্টেশন থাকা অবস্থায় বিভিন্ন ফ্লোরে এলটি ক্যাবলের মাধ্যমে কানেকশন দেওয়া ছিল। বর্তমানে নতুন সাব-স্টেশনের মাধ্যমে ২ সেট বিবিটির (বাসবার ট্র্যাংকিং সিস্টেম) দ্বারা প্রতিটি ফ্লোরের ডিবি রুম (ডিস্ট্রিবিউশন রুম) বৈদ্যুতিক কানেকশন দেয়া আছে। প্রতিটি ফ্লোরের ডিবি রুম (ডিস্ট্রিবিউশন রুম) হতে ঐ ফ্লোরের সমস্ত বৈদ্যুতিক কানেকশন রয়েছে। ওয়াসা ভবনের প্রতিটি ফ্লোরের অভ্যন্তরীণ বৈদ্যুতিক ওয়্যারিং অনেক পুরাতন হওয়ায় এবং আনব্যালেন্স লোডের কারণে প্রায়ই ডিবি বক্সের সার্কিট ব্রেকার অকার্যকর হয়ে বিদ্যুত সরবরাহ বন্ধ থাকে। সেই জন্য ডিবি বক্স এর প্রয়োজনীয় মালামাল সরবরাহ সহ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করা দরকার। তাছাড়া ২৫১০০০=২০০০ কেভিএ বৈদ্যুতিক সাব-স্টেশনের জ্বলা/ফেঁসে থাকা এইচটি ও এলটি সুইচ গিয়ার মেরামত এবং ২ সেট বিবিটির (বাসবার ট্র্যাংকিং সিস্টেম) প্রিভেনটিভ মেইনটেন্যান্স ও সার্ভিসিং-রেকটিফিকেশন করা প্রয়োজন। এছাড়াও বৈদ্যুতিক সাব-স্টেশনের ক্রেটিয়ুক্ত ৬০০ কেভিএআর পিএফআই প্লাস্ট ও বেসমেন্টে অবস্থিত ওয়াটার লিফটিং পাম্পের কন্ট্রোল প্যানেল পিএফআই প্লাস্ট মেরামত ও সার্ভিসিং করা প্রয়োজন। যাই হোক সামগ্রিক বিষয়গুলো বিবেচনায় এনে পিডব্লিউডি সিডিউল দর, পূর্বানুমোদিত দর এবং কোটেশন দরের ভিত্তিতে আলোচ্য কাজের একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে, যাতে প্রাক্কলিত টাকার পরিমাণ দাঁড়িয়েছে =৪,৯৮,৪৪৫.১৭৯/- (চার লক্ষ আটানব্বই হাজার চারশত পয়তাল্লিশ দশমিক এক সাত নয় মাত্র) টাকা। আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৩-২৪ অর্থ বৎসরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-১০ প্যাকেজ নং-পি.ডব্লিউ -০৪ এ (এলটিএম ই-জিপি) তে অন্তর্ভুক্ত করা আছে। উল্লেখ্য উক্ত কাজের অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

সংযুক্তিসমূহ (৩):

- ১। অত্র বিভাগের ২০২৩-২৪ অর্থ বৎসরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার ফটোকপি।
- ২। পিডব্লিউডি সিডিউল দর, পূর্বানুমোদিত দর এবং কোটেশন দরের কপি।
- ৩। আলোচ্য কাজের প্রাক্কলন ও প্রতিবেদন।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১৯/৭/২৩ ৫:৩৮ অপরাহ্ন

আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ এবং প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর চতুর্থ অধ্যায় অংশ-২ এর ৬৩ ধারা অনুযায়ী সীমিত দরপত্র পদ্ধতি (এলটিএম ই-জিপি) এ দরপত্র পদ্ধতিতে আহবান করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ১৯/৭/২৩ ৫:৪০ অপরাহ্ন

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে Repair-maintenance of 2000 KVA electric Sub-Station at WASA Bhaban under FMD-2, DWASA কাজে উপস্থাপিত মোট =৪,৯৮,৪৪৫.১৭৯/- (চার লক্ষ আটানব্বই হাজার চারশত পয়তাল্লিশ দশমিক এক সাত নয় মাত্র) টাকার প্রাক্কলনটির আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ সীমিত দরপত্র পদ্ধতি (এলটিএম ই-জিপি) এ দরপত্র আহবান করার অনুমোদন দেয়া যেতে পারে

১৯/৭/২৩ ৫:৪১ অপরাহ্ন
মোঃ আনিসুল ইসলাম
উপ-সহকারী প্রকৌশলী
এফ এম বিভাগ-২

১৯/৭/২৩ ৫:৪৩ অপরাহ্ন
রিয়াদ আহমেদ
সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এফ এম বিভাগ-২

১৯/৭/২৩ ৫:৫৭ অপরাহ্ন
সুজন চন্দ্র বর্মণ
নির্বাহী প্রকৌশলী
এফ এম বিভাগ-২

২০/৭/২৩ ৮:০৪ অপরাহ্ন
মোঃ আঃ লতিফ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
আর পি ই এন্ড এম সার্কেল

২০/৭/২৩ ৮:০৪ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ৩১/৭/২৩ ৭:৩২ অপরাহ্ন

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

অনুমোদিত



৩১/৭/২৩ ৭:৩৩ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)



৩১/৭/২৩ ৯:১৫ অপরাহ্ন
সুজন চন্দ্র বর্মেন
নির্বাহী প্রকৌশলী
এফ এম বিভাগ-২



৩১/৭/২৩ ৯:১৬ অপরাহ্ন
রিয়াদ আহমেদ
সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এফ এম বিভাগ-২



১/৮/২৩ ২:০৯ অপরাহ্ন
মোঃ আনিসুল ইসলাম
উপ-সহকারী প্রকৌশলী
এফ এম বিভাগ-২

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা